

### সাউথ ইস্ট ইউনিভার্সিটিতে ৩টি ডিপ্লোমা কোর্স চালু

স্টাফ রিপোর্টারঃ বেসরকারী বিশ্ববিদ্যালয় সাউথ ইস্ট ইউনিভার্সিটি গতকাল থেকে স্বাতন্ত্র্যের বিষয়ে ৩টি নতুন ডিপ্লোমা কোর্স চালু করেছে। কম্পিউটার, বিজ্ঞান, তথ্য-প্রযুক্তি, ব্যবসায়, ব্যবস্থাপনা, প্রকৃতি বিষয়ে বর্তমানে চালু অনার্স ও মাস্টার্স কোর্সের পাশাপাশি নতুন ডিপ্লোমা কোর্স ৩টি হচ্ছে- ইসলামী ব্যাংকিং ও ইন্স্যুরেন্স, অর্থনীতি ও এনালিও বিস্ময়ক ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক অর্থনীতি ও প্রতিষ্ঠানসমূহ (বিশ্বব্যাংক, আইএমএফ, বিশ্ব ঋণাত্মক সংস্থা প্রভৃতি)। এছাড়া 'গবেষণা পদ্ধতি' শীর্ষক একটি সার্টিফিকেট কোর্সও চালু করা হয়েছে। এ উপলক্ষে গতকাল (শনিবার) প্রেসক্রাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের ডিসি, প্রখ্যাত শিক্ষাবিদ, ইসলামী চিন্তাবিদ ও বিজ্ঞানী প্রফেসর ডঃ এম. শমসের আলী, সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান আলহাজ্ব মোহাম্মদ আফজাল হোসেন এবং এই বিশ্ববিদ্যালয়ের জীন ও খ্যাতিনামা অর্থনীতিবিদ প্রফেসর ডঃ সালাহউদ্দিন আহমদ এই কোর্সগুলোর উদ্দেশ্য ব্যাখ্যা করেন এবং পরিচিতি তুলে ধরেন।

উনুফ বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিসি ও সাউথ ইস্ট ইউনিভার্সিটির বর্তমান ডিসি প্রফেসর ডঃ এম. শমসের আলী বলেন, সাম্প্রতিককালে এদেশে ইসলামী ব্যাংক, বীমা, এনালিও এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলোর সংখ্যা ও কর্মকাণ্ড অনেক বৃদ্ধি পেলেও এসব বিষয়ে প্রয়োজনীয় শিক্ষা গ্রহণের জন্য কোন প্রাতিষ্ঠানিক ব্যবস্থা না থাকায় সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয় এই শূন্যতা পূরণে এগিয়ে এসেছে। ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী উত্তীর্ণ যে কেউ এ কোর্সসমূহে ভর্তি হতে পারবে উল্লেখ করে তিনি বলেন, এই কোর্সের ফি অনেক কম।